

# Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 23 April, 2025

মুন্সীগঞ্জের গজারিয়ায় আদালতের নিষেধাজ্ঞার আদেশ অমান্য করে জোরপূর্বক জমি দখল নেওয়ার পায়তারার অভিযোগ উঠেছে।

বুধবার (২৩ এপ্রিল) উপজেলার ইমামপুর ইউনিয়নের দৌলতপুর গ্রামে এ ঘটনা ঘটে। বিষয়টি নিয়ে

যে কোনো মুহূর্তে উভয় পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটতে পারে বলে আশঙ্কা করছেন স্থানীয়রা।

স্থানীয় সূত্রে জানা যায়, দৌলতপুর

মৌজার আরএস ৩৪১,৪৭৪,৫০০ ও ৫৩৯ দাগে ৪৬.৯৬ শতাংশ সম্পত্তি দাবি করেন আব্দুল করিম গং অপর দিকে প্রতিবেশী সাইদুল হক গং ১৯৭ শতাংশ সম্পত্তির মালিকানা দাবি করেন। এ নিয়ে দীর্ঘদিন ধরে দুইটি পক্ষের মধ্যে বিরোধ চলছে। স্থানীয় ভাবে কোনো সমাধান না হওয়ায় আদালতের দ্বারস্থ হন দুটি পক্ষ। আব্দুল করিম নিষেধাজ্ঞা চেয়ে আদালতে একটি আবেদন করেন।

পরে বিজ্ঞ আদালত নালিশী জমিতে শান্তিশৃঙ্খলা বজায় রাখার জন্য নিষেধাজ্ঞা জারি করেন।

আব্দুল করিমের পক্ষে নিষেধাজ্ঞার আবেদনটি মঞ্জুর হওয়ার পর থেকে প্রতিপক্ষের লোকজন বিভিন্নভাবে নালিশী সম্পত্তি দখল করে ফেলার পায়তারা করছে। এ লক্ষ্যে গতকাল বুধবার

সাইদুল হক গং এর লোকজন নালিশী সম্পত্তিতে জোরপূর্বক বেআইনী অনুপ্রবেশ করে জমি দখলে নেওয়ার পায়তারা করেন। বিষয়টি নিয়ে উভয়পক্ষ মুখোমুখি অবস্থানে। যেকোনো মুহূর্তে উভয় পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটতে পারে। ভুক্তভোগী আব্দুল করিম জানান,

সম্পত্তি দখলে নিতে আমাদেরকে দীর্ঘদিন যাবত বিভিন্ন ভাবে হুমকি সহ নানা রকম হেনস্তা করেছেন তারা।

এবিষয়ে প্রতিপক্ষ ফেরদৌস হোসেনের সাথে যোগাযোগ করলে তিনি মুঠোফোনে জানান, 'আমি সম্পত্তি জবর দখল করতে চাচ্ছি এমন অভিযোগ সত্য নয়। এ বিষয়ে আপনাদের কাছে কিছু বলতে চাই না। আমার যা বলার আমি কোর্টে বলবো'।

মুন্সীগঞ্জ জেলা ও দায়রা জজ আদালতের আইনজীবী অ্যাডভোকেট আনিসুজ্জামান আনিস বলেন, আদালত উক্ত সম্পত্তির উপর স্থিতাবস্থা বজায় রাখার নির্দেশ দিয়েছেন। এখন এই সম্পত্তিতে যেকোনো প্রকার স্থাপনা নির্মাণ বা মেরামত, আকৃতি পরিবর্তন অথবা ক্রয়-বিক্রয়ের আইনগত কোন সুযোগ নেই।

গজারিয়া থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) শহিদুল ইসলাম বলেন, 'এ সম্পত্তির উপর আদালতের অস্থায়ী নিষেধাজ্ঞার একটি আদেশ রয়েছে। এখন কেউ যদি জোরপূর্বক জমি দখল করে স্থাপনা নির্মাণ করতে চায় এবং এই ঘটনাকে কেন্দ্র করে যদি আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটে তবে অপরপক্ষ থানায় লিখিত অভিযোগ দিতে পারে। অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে'।

URL: <https://timestodaybd.com/dhaka/1331775807>